গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১৮.২১.১১২ তারিখ: ২৫ পৌষ ১৪২৮
০৯ জানুয়ারি ২০২২

বিষয়: **নাটোর জেলার সিংড়া উপজেলাধীন শোলাকুড়া ইসলামিয়া আলিম মাদ্রাসার কম্পিউটার ল্যাব অপারেটর জনাব মো: গোলাম রাব্বানী (ইনডেক্স নং-M0016023) এর পদবী ও বেতন কোড সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) জেলা শিক্ষা অফিসার, নাটোর এর স্মারক নং-৩৭.১০.৬৯০০.০০০.১৫.০০০.২১-৩৪৮; তারিখ: ২৩.০৮.২১খ্রি.
(০২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১৮.২১.১১৮০; তারিখ: ২৬.০৯.২০২১খ্রি.
(০৩) জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) এবং জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.০৩.০০৪.১৯-১৩৯ তারিখ: ০৯.১২.২০২১খ্রি. এর তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার সিংড়া উপজেলাধীন শোলাকুড়া ইসলামিয়া আলিম মাদ্রাসার কম্পিউটার ল্যাব অপারেটর জনাব মো: গোলাম রাব্বানী (ইনডেক্স নং-M0016023) এর এমপিও শীটে পদবী ও বেতন কোড সংশোধনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, নাটোর এর মাধ্যমে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। পদবী ও বেতন কোড সংশোধন সংক্রান্ত আবেদনটির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে সূত্রোক্ত (০২) নং স্মারকে মাধ্যমে জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) এবং জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয়।

০৩। সূত্রোক্ত (০৩) নং স্মারকের মাধ্যমে জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) এবং জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি তদন্ত প্রতিবেদন অত্র অধিদপ্তরে দাখিল করা হয়। (কপি সংযুক্ত)

০৪। জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) এবং জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর মতামত- "এমপিও শীটে জনাব মো: গোলাম রাব্বানী, এর পদবী LA ও বেতন কোড-১৮ মুদ্রিত আছে ও নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে পদবী CLO উল্লেখ আছে এবং এমপিও শিটে বেতন কোড ১৮ উল্লেখ আছে যা ল্যাব অপারেটর (LA) পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। প্রতিকার প্রার্থীর নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্রে পদবী CLO থাকলেও ১ম এমপিও থেকেই তিনি ল্যাব অপারেটর (LA) পদের বেতন কোডে বেতন ভাতা পেয়ে আসছেন মর্মে অগ্রায়ণ পত্রের সাথে সংযুক্ত এমপিও শিট যাচাইয়ে পরিদৃষ্ট হয়। মূলত কম্পিউটার ল্যাব অপারেটর (CLO) পদে বেতন কোড ১৬, কিন্তু তিনি ১৬ কোডের পরিবর্তে ১ম থেকেই ল্যাব অপারেটর হিসেবে ১৮ কোডে বেতন ভাতা পেয়ে আসছেন। বিধায়, তাঁর প্রকৃত পদবী CLO ও বেতন কোড ১৬ মর্মে জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) এবং জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ), নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শিটে মুদ্রিত পদবী LA এর স্থলে CLO এবং বেতন কোড ১৮ এর স্থলে বেতন কোড ১৬ সংশোধনের জন্য আবেদন করেছেন এবং জেলা শিক্ষা অফিসার, নাটোর বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ LA এর স্থলে CLO এবং বেতন কোড ১৮ এর স্থলে বেতন কোড ১৬ সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় নাটোর জেলার সিংড়া উপজেলাধীন শোলাকুড়া ইসলামিয়া আলিম মাদ্রাসার কম্পিউটার ল্যাব অপারেটর জনাব মো: গোলাম রাব্বানী (ইনডেক্স নং-M0016023) এর এমপিও শিটে পদবী LA এর স্থলে CLO এবং বেতন কোড ১৮ এর স্থলে বেতন কোড ১৬ সংশোধন করা যেতে পারে।" (কপি সংযুক্ত)

০৫। জেলা শিক্ষা অফিসার, নাটোর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) এবং জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: গোলাম রাব্বানী (ইনডেক্স নং-M0016023) এর তথ্য এবং প্রার্থীত পদবী ও বেতন কোড নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | কম্পিউটার ল্যাব অপারেটর পদে যোগদানের তারিখ | এমপিও শীটে বিদ্যমান পদবী | প্রার্থীত পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: গোলাম রাব্বানী, কম্পিউটার ল্যাব অপারেটর (ইনডেক্স নং-M0016023)শোলাকুড়া ইসলামিয়া আলিম **মাদ্রাসা,** সিংড়া, নাটোর | ১৭/০৫/২০২১খ্রি. | পদবী-LA বেতন কোড-১৮ | পদবী-CLO বেতন কোড-১৬ | এমপিও শীটে বিদ্যমান পদবী-LA ও বেতন কোড-১৮ এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত পদবী CLO ও বেতন কোড-১৬ সংশোধন যোগ্য। |

০৬। এমতাবস্থায়, জেলা শিক্ষা অফিসার, নাটোর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং জনাব মোহাম্মাদ জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) ও জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ,) মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব জনাব মো: গোলাম রাব্বানী (ইনডেক্স নং-M0016023) এর পদবী LA এর স্থলে CLO এবং বেতন কোড ১৮ এর স্থলে বেতন কোড ১৬ সংশোধনপুর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। **কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।**

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত কম্পিউটার ল্যাব অপারেটর সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: ১০ ফর্দ।

৯-১-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক, মেমিস,
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১৮.২১.১১২/১

তারিখ: ২৫ পৌষ ১৪২৮
০৯ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২) জেলা শিক্ষা অফিসার, নাটোর ।
৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিংড়া, নাটোর।
৪) সভাপতি/অধ্যক্ষ, শোলাকুড়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, সিংড়া, নাটোর ।
৫) জনাব মো: গোলাম রাব্বানী, কম্পিউটার ল্যাব অপারেটর (ইনডেক্স নং-M0016023) শোলাকুড়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, সিংড়া, নাটোর ।
৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

৯-১-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)